

প্রথম আলো

পরীক্ষা

চিকিৎসকদের এফসিপিএস পরীক্ষা এখন থেকে নতুন নিয়মে

নিজস্ব প্রতিবেদক ঢাকা



আগামী বছরের জানুয়ারি থেকে নতুন নিয়মে অনুষ্ঠিত হবে বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়াল্স অ্যান্ড সার্জনসের (বিসিপিএস) এফসিপিএস পার্ট-১ পরীক্ষা। সোমবার বিসিপিএস এক বিজ্ঞপ্তিতে এ কথা জানিয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আগে তিন দিনে পরীক্ষা অনুষ্ঠিত হতো। নতুন নিয়মে এক দিনেই এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। তিন পত্রের পরিবর্তে পরীক্ষা হবে এক পত্রে। এ পরীক্ষা হবে চার ঘণ্টায়।

বিসিপিএসের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আগামী বছরের ২৪ জানুয়ারি থেকে এফসিপিএস পার্ট-১ পরীক্ষা তিন দিনের পরিবর্তে এক দিনে হবে। এ ক্ষেত্রে তিন পত্রের পরিবর্তে এক পত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

পরীক্ষায় প্রশ্ন থাকবে ১৫০টি (এর মধ্য ৭৫টি মাল্টিপল ট্রু ফলস এবং ৭৫টি সিঙ্গেল বেষ্ট অ্যানসোর)। প্রতিটি উত্তরের জন্য দুই নম্বর। ১৫০ প্রশ্নে মোট ৩০০ নম্বরের পরীক্ষা। এ ছাড়া পরীক্ষায় পাস নম্বর থাকবে ২১০। পরীক্ষায় পাসের জন্য ৭০ শতাংশ নম্বর পেতে হবে শিক্ষার্থীদের।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো